আজকের কাগজ

তারিখ 04 JUL 1993
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7 ...

161

# শিক্ষকদের ওপর সন্ত্রাসীদের হামলার নিন্দা জানিয়েছে কলেজ–বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

বাংলাদেশ কলেজ–বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম. আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক শফিউল আলম এক যুক্ত বিবৃতিতে চট্টগ্রামের ফটিকছড়ি কলেজ পরীক্ষা কেন্দ্রে নকল প্রতিরোধের ন্যায় জনসেবার কাজে নিয়োজিত থাকা অবস্থায় নাজিরহাট কলেজের তিনজন অধ্যাপক মনিলাল চৌধুরী, আজিজুল হক ও এ কে সরকারের ওপর কিছু সংখ্যক সন্ত্রাসী পরীক্ষার্থীর বর্বরোচিত হামলার তীব্র নিন্দা করেছেন এবং অবিলম্বে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান, আহত অধ্যাপকদের সুচিকিৎসা ও উপযুক্ত ক্ষতিপূরণ দানের জন্যে সরকারের কাছে দাবি জানিয়েছেন। এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধবিরোধী একজন শিক্ষককে কোষাধ্যক্ষ পদে নিয়োগের বিষয়টিকে তাঁরা ইতিপূর্বে উক্ত বিশ্ববিদ্যালয়েরই অপর এক মুক্তিযুদ্ধবিরোধীকে নব প্রতিষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগের পরম্পরায় অনুষ্ঠিত আরো একটি নিন্দনীয় পদক্ষেপ এবং মুক্তিযুদ্ধের চেতনা উর্ধ্বে তুলে ধরার ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতি ভঙ্গের একটি সাম্প্রতিকতম নজির বলে উল্লেখ করে অবিলম্বে এ নিয়োগ বাতিলের দাবি জানিয়েছেন। খবর বিজ্ঞপ্তির।